রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ৪, ১৯৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**(মূল্য সংযোজন কর)**

**আদেশ**

ঢাকা, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাং/১০ই জুন, ১৯৯৩ ইং।

এস, আর, ও, নং ১০৭-আইন/৯৩/৭০-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ৪৮ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নবর্ণিত মূল্য সংযোজন কর কর্মকর্তাগণকে এই মর্মে ক্ষমতা প্রদান করিলেন যে, তাঁহারা, লিখিত আদেশ দ্বারা, কোন মূল্য সংযোজন কর কর্মকর্তাকে উক্ত ধারা ৪৮ এর অধীন তল্লাশীর ক্ষমতা প্রয়োগের ক্ষমতা প্রদান করিতে পারিবেন, যথা:—

(১) কালেক্টর;

(২) অতিরিক্ত কালেক্টর;

(৩) যুগ্ম-কালেক্টর;

(৪) ডেপুটি কালেক্টর;

(৫) সহকারী কালেক্টর।

২। এই আদেশ ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ মোতাবেক ১০ই জুন, ১৯৯৩ তারিখ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

মোঃ জহুরুল হক

প্রথম সচিব (মূসক)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।**

**(মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাং/১০ই জুন, ১৯৯৩ ইং

এস, আর, ও, নং ১০৪-আইন/৯৩/৬৯-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২৭শে শ্রাবণ, ১৩৯৮ মোতাবেক ১২ই আগষ্ট, ১৯৯১ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ২৪৫-আইন/৯১/১০-মূসক এতদ্দ্বারা রহিত করিলেন।

২। এই প্রজ্ঞাপন ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ মোতাবেক ১০ই জুন, ১৯৯৩ তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
ডঃ আকবর আলি খান
সচিব।

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

(মূল্য সংযোজন কর)

আদেশ

ঢাকা, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাং/১০ই জুন, ১৯৯৩ ইং।

**এস, আর, ও, নং ১০৪-আইন/৯৩/৬৮-মূসক।**—যেহেতু জনস্বার্থের গুরুত্ব বিবেচনা ও যথোপযুক্ত অনুসন্ধানপূর্বক জাতীয় রাজস্ব বোর্ড সন্তুষ্ট হইয়াছে যে, মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ধার্য করার নিমিত্তে নিম্নলিখিত টেবিলে উল্লিখিত করযোগ্য পণ্যসমূহের ট্যারিফ মূল্য নির্ধারণ করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৭) এ প্রদত্ত ক্ষমতাবলে অত্র বিভাগের ১৮ই কার্তিক, ১৩৯৮ মোতাবেক ৩রা নভেম্বর, ১৯৯১ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ৩৩৭-আইন/৯১/৩৯-মূসক, ৬ই অগ্রহায়ণ, ১৩৯৮ মোতাবেক ২১শে নভেম্বর, ১৯৯১ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ৩৬০-আইন/৯১/৪১-মূসক, ৬ই অগ্রহায়ণ, ১৩৯৮ মোতাবেক ২১শে নভেম্বর, ১৯৯১ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ৩৫৮-আইন/৯১/৪২-মূসক, ২৯শে পৌষ, ১৩৯৮ মোতাবেক ১৩ই জানুয়ারী, ১৯৯২ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ৯-আইন/৯১/৪৬-মূসক ও ৪ঠা আষাঢ়, ১৩৯৯ মোতাবেক ১৮ই জুন, ১৯৯২ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, ১৪৫-আইন/

৯২/৫৮-মুসক রহিত করিয়া, নিম্নলিখিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এর বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যের ক্ষেত্রে কলাম (৪) এ বর্ণিত ট্যারিফ মূল্য নির্ধারণ করিলেন, যথা :—

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্যসামগ্রীর বিবরণ | ট্যারিফ মূল্য প্রতি মে: টন |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৪৮.০২ | ৪৮০২.৫২.৯০ | কর্ণফুলি পেপার মিলস্ লি: ও নর্থ বেঙ্গল পেপার মিলস্ লি: কর্তৃক উৎপাদিত— | |
| | | (ক) ক্রীম লেইড/হোয়াইট রাইটিং ৫০/৫৫ হইতে তদুর্ধ গ্রাম | টাকা ২৬,৪৯৩ |
| | | (খ) হো: রুলড পেপার ৫৫ হইতে ৫৯.৯৯ গ্রাম | টাকা ২৭,১২০ |
| | | (গ) হো: প্রিন্টিং পেপার— | |
| | | (১) ৬০ বা তদুর্ধ গ্রাম | টাকা ২৬,৪৯৩ |
| | | (২) ৫৫ গ্রাম হইতে ৫৯.৯৯ গ্রাম | টাকা ২৬,৭৪০ |
| | | (৩) ৫০ গ্রাম হইতে ৫৪.৯৯ গ্রাম | টাকা ২৭,৪১৩ |
| | | (৪) ৪৫ গ্রাম হইতে ৪৯.৯৯ গ্রাম | টাকা ২৭,৯০৭ |
| ৬৯.০৪ | ৬৯০৪.১০.০০<br>৬৯০৪.৯০.০০ | (ক) কোন প্রকার যন্ত্রের সাহায্যে বা যান্ত্রিক পদ্ধতি ছাড়া তৈরী সাধারণ ইট (নন-রিফ্রেকটরী বিল্ডিং ব্রিক্স) ফেসিং এ ব্যবহৃত ইট ব্যতীত। | টাকা (প্রতি হাজার) ৫০০ |
| | | (খ) যন্ত্রের সাহায্য বা যান্ত্রিক পদ্ধতিতে তৈরী ইট— | |
| | | ১। প্রথম গ্রেড: | |
| | | (১) তিন ছিদ্রবিশিষ্ট ইট<br>(২) দশ ছিদ্রবিশিষ্ট ইট<br>(৩) সতের ছিদ্রবিশিষ্ট ইট<br>(৪) মাল্টি কোরড ইট<br>(৫) পার্টিশন ব্লক | টাকা ১,৮০০ |
| | | (৬) সিলিং স্লৌন ৮ ইঞ্চি<br>(৭) সিলিং স্লৌন ৬ ইঞ্চি<br>(৮) সিলিং স্লৌন ৪ ইঞ্চি | টাকা ৪,০০০ |

| শিরনাম সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্যসামগ্রীর বিবরণ | ট্যারিফ মূল্য প্রতি মেঃ টন |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| | | (৯) ফ্লোরিং ব্লক<br>(১০) ক্লিংকার ফেসিং ব্রিক্স | টাকা। ৩,২০০ |
| | | (১১) ক্লিংকার ফেসিং টাইল্স্ | টাকা ১,৬০০ |
| | | ২। **দ্বিতীয় গ্রেড:** | |
| | | (১) তিন, দশ সতের ছিদ্র-বিশিষ্ট ইট | টাকা ২,১৫০ |
| | | (২) ফ্লোরিং ব্লক | টাকা ২,০০০ |
| | | (৩) ক্লিংকার ফেসিং ব্রিক্স | টাকা ১,৭০০ |
| | | (৪) ক্লিংকার টাইলস | টাকা ১,০৫০ |
| | | (৫) পিকাড ব্যাট (প্রতি একশত সিএফটি) | টাকা ৭৮০ |
| | | (৬) ব্রিক্স চিপস্ (প্রতি একশত সিএফটি) | টাকা ১,৯৫০ |
| ৮২.১২ | ৮২১২.২০.১০ | ষ্টিনলেস ষ্টীলের ষ্ট্রিপ হইতে প্রস্তুত 'লোর্ড' চ্যাম্পিয়ন, সুপারম্যাক্স ও সার্প ব্লেড | প্রতিটি ০.৫০ (পঞ্চাশ) টাকা |
| | ৮২১২.২০.৯০ | কার্বন ষ্টীলের ষ্ট্রিপ হইতে প্রস্তুত 'বলাকা' এবং ক্লিফটন ব্লেড | প্রতিটি ০.২৫ (পঁচিশ) টাকা |
| ৮৪.০৮ | ৮৪০৮.৯০.০০ | বাংলাদেশ ডিজেল প্লান্ট লিঃ জয়দেবপুর, গাজীপুর কর্তৃক উৎপাদিত ডিজেল ইঞ্জিন— | |
| | | (ক) ১ সিলিণ্ডার ২১০ ডিজেল ইঞ্জিন | টাকা ২১,৬৬৭ (একুশ হাজার ছয়শত সাতষট্টি) |
| | | (খ) ২ সিলিণ্ডার ৯১২ ডিজেল ইঞ্জিন | টাকা ১,৩৩,৩৩৪ (এক লক্ষ তেত্রিশ হাজার তিনশত চৌত্রিশ)। |

বোর্ডের আদেশক্রমে

মোঃ জহুরুল হক
প্রথম সচিব (মূসক)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(সম্পূরক শুল্ক)

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাং/১০ই জুন, ১৯৯৩ ইং

এস, আর, ও, নং ১০৫-আইন/৯৩/৬৭-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১৬ই আষাঢ়, ১৩৯৮ মোতাবেক ১লা জুলাই, ১৯৯১ তারিখের এস, আর, ও, নং ২০০-আইন/৯১/১৮-মূসক, ২৭শে শ্রাবন, ১৩৯৮ মোতাবেক ১২ই আগষ্ট, ১৯৯১ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ২৪৮-আইন/৯১/২৯-মূসক, ১৯শে ভাদ্র, ১৩৯৮ মোতাবেক ৪ঠা সেপ্টেম্বর, ১৯৯১ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ২৬৫-আইন/৯১/৩২-মূসক ও ১০ই কার্ত্তিক ১৩৯৮ মোতাবেক ২৬শে অক্টোবর, ১৯৯১ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ৩২৬-আইন/৯১/৩৬-মূসক, রহিত করিয়া নিম্নে বর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এর বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে উহাদের উপর (আমদানি ও উৎপাদন পর্যায়ে) আরোপনীয় সমুদয় সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিলেন, যথা :

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্যসামগ্রীর বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০৯.০১ | সংশ্লিষ্ট সকল সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | কফি, ভাজা অথবা ক্যাফেনমুক্ত হউক বা না হউক; কফির তুষ ও খোসা; যে কোন অনুপাতে কফি মিশ্রিত কফি বিকল্প; |
| ২১.০১ | শিরনামার অধীন সকল সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | কফি, চা অথবা মেট এর নির্যাস, এসেন্স এবং কনসেনট্রেট এবং এই সব পণ্য অথবা কফি, চা অথবা মেট এর ভিত্তিতে প্রস্তুতকৃত পণ্য, ভাজা চিক্যারি এবং অন্যান্য ভাজা কফি বিকল্প এবং ইহাদের এসেন্স এবং কনসেনট্রেট; |
| ৩৩.০৬ | শিরনামার অধীন সকল সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | মুখ গহবর অথবা দন্ত জীবাণুমুক্তকারী সামগ্রী, দন্ত জীবাণুমুক্তকারী আঠালো পেষ্ট ও পাউডারসমূহ; |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্যসামগ্রীর বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৩৩.০৭ | ৩৩০৭.১০.০০ | শেভ-পূর্ব, শেভিং অথবা শেভ পরবর্তীতে ব্যবহার্য প্রসাধন সামগ্রী ; |
| | ৩৩০৭.৯০.০০ | ৩৩০৭.১০.০০, ৩৩০৭.২০.০০, ৩৩০৭.৩০.০০, ৩৩০৭.৪১.০০, ৩৩০৭.৪৯.০০ পণ্য কোডসমূহ ব্যতীত, শিরনামা সংখ্যা ৩৩.০৭-এর অধীন অন্যান্য সামগ্রী ; |
| ৫৭.০১ | ৫৭০১.৯০.০০ | পাটের তৈরী কার্পেট এবং অন্যান্য বয়নকৃত মেঝের আচ্ছাদন, গিটযুক্ত, তৈরী হউক বা না হউক ; |
| ৫৭.০২ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পাটের তৈরী কার্পেট এবং অন্যান্য বয়নকৃত মেঝের আচ্ছাদন, বোনা, চুল গুচ্ছের বা পশম-গুচ্ছের নহে, তৈরী হউক বা না হউক, পাটের হাতে বোনা কার্পেটসহ; |
| ৫৭.০৫ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পাটের অন্যান্য কার্পেট এবং অন্যান্য বয়নকৃত মেঝের আচ্ছাদন, তৈরী হউক বা না হউক ; |
| ৬৮.০১ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | মার্বেল পাথরের সেটস্, কার্ডষ্টোন, ফ্লাগষ্টোন ; |
| ৬৮.০২ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | নির্মিত স্মৃতিস্তম্ভ বা অট্টালিকায় ব্যবহৃত মার্বেল প্রস্তরের সামগ্রী, এবং শিরনামা ৬৮.০১ এর অধীন মার্বেল পাথরের পণ্যসমূহ ব্যতীত, উহার তৈরী অন্যান্য মার্বেল পাথরের সামগ্রী, মার্বেল পাথরের মোজাইক কিউব, কোন বস্তুর উপর স্থাপিত হউক বা না হউক, মার্বেল পাথরের কৃত্রিমভাবে রঞ্জিত কণা, টুকরা বা গুড়া ; |
| ৬৯.০৪ | শিরনামার অধীন সকল সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সিরামিকের বিল্ডিং এ ব্যবহারযোগ্য ইট, মেঝের ব্লক, সহায়ক অথবা ভরাট করার টাইলস এবং সমজাতীয় পণ্য; |
| ৬৯.১১ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পোর্সেলিন বা চীনা মাটির তৈরী খাবার থালাবাসন প্রভৃতি রান্নাঘরের সামগ্রী, অন্যান্য গৃহস্থালী সামগ্রী এবং প্রসাধন সামগ্রী ; |
| ৬৯.১২ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সিরামিকের তৈরী খাবার থালাবাসন প্রভৃতি, রান্নাঘরের সামগ্রী, অন্যান্য গৃহস্থালী সামগ্রী এবং প্রসাধন সামগ্রী, পোর্সেলিন বা চীনা মাটির তৈরী ব্যতীত; |
| ৭০.১০ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | ঔষধ শিল্পে ব্যবহার্য স্বচ্ছ (Flint/white) কাচের বোতল, ভায়াল (বিপি/ইউ,এস,পি Type III) ও এ্যাম্পুল। |
| ৮৫.১৬ | ৮৫১৬.৪০.০০ | বৈদ্যুতিক ইস্ত্রি ; |
| ৮৫.২৪ | ৮৫২৪.১০.৯০ | পবিত্র কোরআন হইতে তেলাওয়াত এবং বক্তৃতা রিপ্রডাক্শন রেকর্ড ও ক্যাসেট |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্যসামগ্রীর বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৮৭.০৩ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | মোটর গাড়ী, সিলিণ্ডার ক্যাপাসিটি ১০০০ সিসি এর উর্ধ্বে কিন্তু ১৩০০ সিসি এর উর্ধ্বে নহে; |
| ৮৭.১১ | শিরনামার অধীন নিম্নলিখিত পণ্যসমূহ | মোটর সাইকেল (মোপেডসহ) এবং সহায়ক মোটরযুক্ত সাইকেল, সাইডকার যুক্ত হউক বা না হউক, সাইডকার; |
| | ৮৭১১.৩০.১০ | নির্মিত অবস্থায় মোটর সাইকেল রেসিপ্রকেটিং ইণ্টারনাল কমবাসচন পিষ্টন ইঞ্জিন যুক্ত যাহার সিলিণ্ডার ক্ষমতা ২৫০ সিসি এর উর্ধ্বে কিন্তু ৫০০ সিসি এর উর্ধ্বে নহে; |
| | ৮৭১১.৩০.৯০ | নির্মিত ও সিকেডি মোটর সাইকেল ব্যতীত অন্যান্য, রেসিপ্রকেটিং ইণ্টারনাল কমবাসচন পিষ্টন ইঞ্জিনযুক্ত যাহার সিলিণ্ডার ক্ষমতা ২৫০ সিসি এর উর্ধ্বে কিন্তু ৫০০ সিসি এর উর্ধ্বে নহে; |
| | ৮৭১১.৪০.১০ | নির্মিত অবস্থায় মোটর সাইকেল, রেসিপ্রকটিং ইণ্টারনাল কমবাসচন পিষ্টন ইঞ্জিনযুক্ত যাহার সিলিণ্ডার ক্ষমতা ৫০০ সিসি এর উর্ধ্বে কিন্তু ৮০০ সিসি এর উর্ধ্বে নহে; |
| | ৮৭১১.৪০.৯০ | নির্মিত বা সিকেডি মোটর সাইকেল ব্যতীত অন্যান্য, , রেসিপ্রকেটিং ইণ্টারনাল কমবাসচন পিষ্টনযুক্ত যাহার সিলিণ্ডার ক্ষমতা ৫০০ সিসি এর উর্ধ্বে কিন্তু ৮০০ সিসি এর উর্ধ্বে নহে; |
| | ৮৭১১.৫০.১০ | নির্মিত অবস্থায় মোটর সাইকেল রেসিপ্রকেটিং ইণ্টারনাল কমবাসচন পিষ্টন ইঞ্জিনযুক্ত যাহার সিলিণ্ডার ক্ষমতা ৮০০ সিসি এর উর্ধ্বে; |
| | ৮৭১১.৫০.৯০ | নির্মিত ও সিকেডি মোটর সাইকেল ব্যতীত অন্যান্য রেসিপ্রকেটিং ইণ্টারনাল কমবাসচন পিষ্টন ইঞ্জিনযুক্ত যাহার সিলিণ্ডার ক্ষমতা ৮০০ সিসি এর উর্ধ্বে; |
| | ৮৭১১.৯০.০০ | মোটর সাইকেল ব্যতীত অন্যান্য, রেসিপ্রকেটিং ইণ্টারনাল কমবাসচন পিষ্টন ইঞ্জিনযুক্ত যাহার সিলিণ্ডার ক্ষমতা ৮০০ সিসি এর উর্ধ্বে; |
| ৯১.০১ | সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোডসমূহ | হাত ঘড়ি, পকেট ঘড়ি এবং অন্যান্য ঘড়িসমূহ, ষ্টপ ওয়াচসহ মূল্যবান ধাতু আবৃত ধাতুর খাপসহ হাত ঘড়ি; |
| | | ব্যাটারী অ্যাকিউমিউলেটর শক্তিচালিত, ষ্টপ ওয়াচ সুবিধা-যুক্ত হউক বা না হউক; |
| | ৯১০১.১১.৯০ | অন্ধদের জন্য বিশেষভাবে নির্মিত এবং সিকেডি ব্যতীত অন্যান্য, শুধুমাত্র যান্ত্রিকভাবে প্রদর্শিত; |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্যসামগ্রীর বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৯১.০১ | ৯১০১.১২.৯০ | সিকেডি ব্যতীত অন্যান্য, শুধুমাত্র অপ্টো-ইলেক্ট্রনিক-ভাবে প্রদর্শিত; |
| | ৯১০১.১৯.৯০ | যান্ত্রিক বা অপ্টো-ইলেকট্রোনিকভাবে প্রদর্শিত ব্যতীত অন্যান্য (অন্ধদের জন্য বিশেষভাবে নির্মিত এবং সিকেডি ব্যতীত); |
| | ৯১০১.২১.৯০ | অন্যান্য হাত ঘড়ি, ষ্টপ ওয়াচের সুবিধাযুক্ত হউক বা না হউক অটোমেটিক ওয়াইনডিং এর সুবিধাসহ (অন্ধদের জন্য বিশেষভাবে নির্মিত এবং সিকেডি ব্যতীত); |
| | ৯১০১.২৯.৯০ | অন্যান্য হাত ঘড়ি, ষ্টপ ওয়াচ এর সুবিধাযুক্ত হউক বা না হউক, অটোমেটিক ওয়াইনডিং এর সুবিধাযুক্ত নহে (অন্ধদের জন্য বিশেষভাবে নির্মিত এবং সিকেডি ব্যতীত); |
| | ৯১০১.৯১.২০ | ষ্টপ ওয়াচ, হাত ঘড়িতে সংযুক্ত নহে, ব্যাটারী অথবা অ্যাকিউমিউলেটর এর শক্তিচালিত; |
| | ৯১০১.৯১.৯০ | হাত ঘড়ি ব্যতীত (অন্ধদের জন্য বিশেষভাবে নির্মিত ষ্টপ ওয়াচ, এবং সিকেডি ব্যতীত), ব্যাটারী বা অ্যাকিউ-মিউলেটর-এর শক্তিচালিত; |
| | ৯১০১.৯৯.৯০ | হাত ঘড়ি ব্যতীত (অন্ধদের জন্য বিশেষভাবে নির্মিত ষ্টপ ওয়াচ এবং সিকেডি ব্যতীত) ব্যাটারী বা অ্যাকিউ-মিউলেটর-এর শক্তিচালিত নহে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ আকবর আলি খান

সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাং/১০ই জুন, ১৯৯৩ ইং

এস, আর, ও, নং ১০১ আইন/৯৩/৬৬-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ১লা শ্রাবণ, ১৩৯৮ মোতাবেক ১৭ই জুলাই, ১৯৯১ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ২১৮-আইন/৯১/২৪-মূসক রহিত করিয়া, নিম্নে বর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর বর্ণিত শিরনামা সংখ্যা (Heading No.) এর বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরন কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে (উৎপাদন পর্যায়ে) উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিলেন, যথা:—

টেবিল

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code.) | পণ্যসামগ্রীর বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০৪.০১<br>০৪.০৩<br>০৪.০৪<br>০৪.০৫<br>০৪.০৬ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | প্যাকেটজাত দুধ, ঘি, মাখন, পনির, মাঠা (মিষ্টি ব্যতীত) |
| ১৭.০১ | ১৭০১.১১.০০ | আখ হইতে প্রস্তুত চিনি, টন প্রতি ২৪২০ (দুই হাজার চার শত বিশ) টাকার অতিরিক্ত |
| ৮৪.৬৯ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | বাংলা, বাংলা-ইংরেজী দোভাষিক টাইপ রাইটার মেশিন |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডঃ আকবর আলি খান**

সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাং/১০ই জুন, ১৯৯৩ ইং

এস, আর, ও, নং ১০৫ আইন/৯৩/৬৫-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এ্রর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১৬ই আষাঢ়, ১৩৯৮ মোতাবেক ১লা জুলাই, ১৯৯১ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ১৯৮-আইন/৯১/১৯-মূসক, ১৯শে ভাদ্র, ১৩৯৮ মোতাবেক ৪ঠা সেপ্টেম্বর, ১৯৯১ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ২৬৫-আইন/৯১/৩২-মূসক, ২৫শে ভাদ্র, ১৩৯৮ মোতাবেক ১০ই সেপ্টেম্বর, ১৯৯১ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ২৭৪-আইন/৯১/৩৪-মূসক, ১৩ই ফাল্গুন, ১৩৯৮ মোতাবেক ২৬শে ফেব্রুয়ারী, ১৯৯২ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ৪৪-আইন/৯২/৪৭-মূসক, রহিত করিয়া নিম্নে বিবৃত টেবিল এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act. 1969 (IV of 1969) এর First Schedule এর বর্ণিত শিরনামা সংখ্যা (Heading No.) সমূহ এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) সমূহের অধীন উক্ত টেবিলের কলাম (৩) তে বর্ণিত পণ্যসমূহকে উহাদের উপর আমদানি পর্যায়ে আরোপযোগ্য সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিলেন :—

টেবিল

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্যসামগ্রীর বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৩০.০২ | ৩০০২.১০.১০ ও ৩০০২.১০.৯০ | হোমিওপ্যাথিক, বায়োকেমিক, সাইকোট্রপিক ঔষধসমূহ (শুধুমাত্র ফস্ফেনোজাইন, ডেকানোট, ফস্ফেনফিকসন ডেকানোট ফ্লোফেনথিকসন, ডেকানোট), এন্টিহেপাটিক (Anti-hepatic) anti-hepatic encephalopathy; |
| ৩০.০৩ | ৩০০৩.১০.০০<br>৩০০৩.২০.০০<br>৩০০৩.৩১.০০<br>৩০০৩.৩৯.০০<br>৩০০৩.৪০.০০<br>৩০০৩.৯০.৯০ | হোমিওপ্যাথিক, বায়োকেমিক, আয়ুর্বেদিক ও ইউনানী ঔষধসমূহ, সাইকোট্রপিক ঔষধসমূহ (শুধুমাত্র ফস্ফেনাজাইন, ডেকানোট, ফস্ফেনথিকান ডেকানোট, ফ্লোফেনথিকান ডেকানোট); |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্যসামগ্রীর বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৩০.০৪ | ৩০০৪.১০.০০<br>৩০০৪.২০.০০<br>৩০০৪.৩১.০০<br>৩০০৪.৩২.০০<br>৩০০৪.৩৯.০০<br>৩০০৪.৪০.০০<br>৩০০৪.৫০.০০<br>৩০০৪.৯০.০০ | এনাসথেটিক, সাধারণ ও লোকাল, ইথার এনাসথেটিক বিপি/ইউএসপি, ইথাইল ক্লোরাইড পিবি, সুক্সামেথনিয়াম ব্রোমাইড/ক্লোরাইড, থাইওপেন্টন সোডিয়াম জাইলোকেইন; লিডোকেইন/লিগনোকেইন, এডরেনালিনযুক্ত হউক বা না হউক প্রোকেইন হাইড্রোক্লোরাইড, এড্রেনালিনযুক্ত হউক বা না হউক, কাইটামাইন হাইড্রোক্লোরাইড, কিডনী রোগীর জন্য ডায়ালিসিস; |
| ৭১.০৮ | ৭১০৮.১৩.০০ | গোল্ড বুলিয়ান [কেবলমাত্র যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ১৯৯৩ এর আওতায় আমদানির ক্ষেত্রে প্রযোজ্য]; |
| ৮৫.২৭ | ৮৫২৭.১১.১০ | টু-ইন-ওয়ান (সম্পূর্ণ তৈরী অবস্থায়) [কেবলমাত্র যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ১৯৯৩ এর আওতায় আমদানির ক্ষেত্রে প্রযোজ্য]; |

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ আকবর আলি খান

সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাং/১০ই জুন, ১৯৯৩ ইং।

এস, আর, ও, নং ১০২-আইন/৯৩/৬৪-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ৫ই আষাঢ়, ১৩৯৮ মোতাবেক ২০শে জুন, ১৯৯১ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ১৮৭-আইন/৯১/৫-মূসক, ২১শে আষাঢ়, ১৩৯৮ মোতাবেক ৬ই জুলাই, ১৯৯১ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ২০৫-আইন/৯১/২৩-মূসক, ২৭শে শ্রাবণ, ১৩৯৮ মোতাবেক ১২ই আগষ্ট, ১৯৯১ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ২৪৭-আইন/৯১/২৮-মূসক, ১৯শে ভাদ্র, ১৩৯৮ মোতাবেক ৪ঠা সেপ্টেম্বর, ১৯৯১ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৬৩-আইন/৯১/৩০-মূসক, ১৬ই পৌষ, ১৩৯৮ মোতাবেক ৩১শে ডিসেম্বর, ১৯৯১ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ৩৯৭-আইন/৯১/৪৪-মূসক রহিত করিয়া নিম্নে বর্ণিত—

(ক) টেবিল-১ এর কলাম (১) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এর বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে (আমদানি ও উৎপাদন পর্যায়ে); এবং

(খ) টেবিল-২ এর কলাম (১) এ উল্লিখিত মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর দ্বিতীয় তফসিলের শিরনামা সংখ্যার বিপরীতে কলাম (২) এ বিধৃত সেবার কোড এবং এর আওতাধীন সেবাসমূহকে;

উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিলেন, যথা:—

টেবিল-১

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্যসামগ্রীর বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০৯.০৪ | ০৯০৪.২০.১০ | শুকনা মরিচ; |
| ১০.০৬ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সকল প্রকার চাউল; |
| ১১.০১ | ১১০১.০০.০০ | গম এর ময়দা বা আটা; |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্যসামগ্রীর বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১১.০২ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | গম বা মেসলিন ব্যতীত অন্যান্য পণ্যের ময়দা বা আটা; |
| ১৫.১৪ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সরিষার তৈল; |
| ১৫.১১ | ১৫১১.১০.০০<br>১৫১১.৯০.১০<br>১৫১১.৯০.৯০ | সকল প্রকার পাম অয়েল; |
| ১৫.১৮ | ১৫১৮.০০.৯০ | অন্যান্য; |
| ১৯.০৫ | ১৯০৫.১০.০০<br>১৯০৫.২০.০০<br>১৯০৫.৯০.০০ | পাউরুটি, বনরুটি এবং এই ধরণের অন্যান্য রুটি; |
| ২৩.০১ | ২৩০১.১০.০০ | মাংস বা মাংসের বর্জ্যের গুড়া, ক্ষুদ্র দানাকৃতির খাবার, গলিত চবি, গাদ; |
| | ২৩০১.২০.০০ | কঠিন খোলসযুক্ত জলজ প্রাণীর (যেমন কাকড়া) বা অন্যান্য জলজ অমেরুদণ্ডী প্রাণীর গুড়া ক্ষুদ্র দানাকৃতির খাবার; |
| ২৩.০২ | ২৩০২.১০.০০ | দানাদার হওয়া বা না হওয়া নির্বিশেষে চালুনি, পেষা বা অন্য কোনভাবে প্রাপ্ত ভুট্টার ভূষি, তুষ বা অন্য কোন অবশিষ্ট; |
| | ২৩০২.২০.০০ | দানাদার হওয়া বা না হওয়া নির্বিশেষে চালুনি, পেষা বা অন্য কোনভাবে প্রাপ্ত ধানের ভূষি, তুষ বা অন্য কোন অবশিষ্ট; |
| | ২৩০২.৩০.০০ | দানাদার হওয়া বা না হওয়া নির্বিশেষে চালুনি, পেষা, বা অন্য কোনভাবে প্রাপ্ত গমের ভূষি, তুষ বা অন্য কোন অবশিষ্ট; |
| | ২৩০২.৪০.০০ | দানাদার হওয়া বা না হওয়া নির্বিশেষে, চালুনি, পেষা বা অন্য কোনভাবে প্রাপ্ত অন্যান্য সিরিয়াল এর ভূষি, তুষ বা অন্য কোন অবশিষ্ট; |
| | ২৩০২.৫০.০০ | দানাদার হওয়া বা না হওয়া নির্বিশেষে, চালুনি, পেষা বা অন্য কোনভাবে প্রাপ্ত লিগুমিনাস উদ্ভিদের ভূষি, তুষ বা অন্য কোন অবশিষ্ট; |
| ২৩.০৩ | ২৩০৩.১০.০০ | শ্বেতসার বা সমজাতীয় উৎপাদনের অবশিষ্ট; |
| | ২৩০৩.২০.০০ | বিটের মণ্ড, চিনি উৎপাদন হইতে প্রাপ্ত আখের ছোবড়া বা অন্যান্য বর্জ্য; |
| | ২৩০৩.৩০.০০ | চোলাই বা পাতন হইতে প্রাপ্ত তলানী ও বর্জ্য; |

| শিরোনাম সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্যসামগ্রীর বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৩.০৪ | ২৩০৪.০০.০০ | দানাদার বা গুড়া হওয়া না হওয়া নির্বিশেষে সয়াবিন হইতে তৈল নিকাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট ; |
| ২৩.০৫ | ২৩০৫.০০.০০ | দানাদার বা গুড়া হওয়া না হওয়া নির্বিশেষে চীনা বাদাম হইতে তৈল নিকাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট ; |
| ২৩.০৬ | ২৩০৬.১০.০০ | দানাদার বা গুড়া হওয়া না হওয়া নির্বিশেষে তুলা বীজ হইতে তৈল নিকাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট (হেডিং নং ২৩.০৪ ও ২৩.০৫ এর আওতাভুক্ত একই জাতীয় পণ্য ব্যতীত) ; |
| | ২৩০৬.২০.০০ | দানাদার বা গুড়া হওয়া না হওয়া নির্বিশেষে তিসী বীজ হইতে তৈল নিকাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট (হেডিং নং ২৩.০৪ ও ২৩.০৫ এর আওতাভুক্ত একই জাতীয় পণ্য ব্যতীত) ; |
| | ২৩০৬.৩০.০০ | দানাদার বা গুড়া হওয়া না হওয়া নির্বিশেষে সূর্যমুখীর বীজ হইতে তৈল নিকাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট (হেডিং নং ২৩.০৪ ও ২৩.০৫ এর আওতাভুক্ত একই জাতীয় পণ্য ব্যতীত) ; |
| | ২৩০৬.৪০.০০ | দানাদার বা গুড়া হওয়া না হওয়া নির্বিশেষে সরিষা বা কোলজা বীজ হইতে তৈল নিকাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট (হেডিং নং ২৩.০৪ ও ২৩.০৫ এর আওতাভুক্ত একই জাতীয় পণ্য ব্যতীত); |
| | ২৩০৬.৬০.০০ | পাম নাট বা কার্নেল এর খৈল ব্যতীত অন্যান্য অবশিষ্ট; |
| | ২৩০৬.৯০.০০ | দানাদার বা গুড়া হওয়া না হওয়া নির্বিশেষে অন্যান্য বীজ হইতে তৈল নিকাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট (হেডিং নং ২৩.০৪ ও ২৩.০৫ এর আওতাভুক্ত একই জাতীয় পণ্য ব্যতীত) ; |
| | ২৩০৮.১০.০০ | ওক বৃক্ষের ফল এবং বাদাম ; |
| | ২৩০৮.৯০.০০ | অন্যান্য ; |
| | ২৩০৯.৯০.০০ | অন্যান্য ; |
| ২৮.৩৫ | ২৮৩৫.২৫.০০ | ফসফেট ক্যালসিয়াম হাইড্রোজিনো অর্থো ফসফেট (ডাই ক্যালসিয়াম ফসফেট) ; |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্যসামগ্রীর বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৩০.০২<br>৩০.০৩<br>৩০.০৪<br>৩০.০৬ | সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সকল প্রকার জন্মনিরোধকসমূহ; |
| ৩১.০১<br>হইতে<br>৩১.০৫ | সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | রাসায়নিক সার; |
| ৩৮.০৮ | ৩৮০৮.১০.১০<br>৩৮০৮.২০.১০<br>৩৮০৮.৩০.১০<br>৩৮০৮.৪০.১০<br>৩৮০৮.৯০.১০ | কৃষিকাজে ব্যবহার্য ইনসেকটিসাইড, ফানগীসাইডস, হারবিসাইড এন্টি স্প্রাউটিং প্রোডাক্টস্ প্লান্ট গ্রোথ রেগুলেটর ডিজইনফেকট্যান্টস্ এবং কৃষি কাজে ব্যবহারযোগ্য অনুরূপ অন্যান্য পণ্যাদি ও কাঁচামাল; |
| | ৩৮০৮.১০.২৩<br>৩৮০৮.২০.৯১<br>৩৮০৮.৪০.৯১<br>৩৮০৮.৯০.৯১<br>৩৮০৮.১০.২৯<br>৩৮০৮.২০.৯৯<br>৩৮০৮.৪০.৯৯<br>৩৮০৮.৯০.৯৯ | ইনসেকটিসাইড, ফানগাসাইডস, ডিজইনফেকট্যান্ট ইদুর মারার বিষ এবং অকৃষিখাতে ব্যবহৃত অনুরূপ অন্যান্য পণ্যাদি ও কাঁচামাল; |
| ৩৯.২৪ | শিরনামার অধীন সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | প্লাষ্টিকের তৈরী (মেলামাইন ব্যতীত) থালা বাসন, পেয়ালা, বাটি, মগ, জগ, গ্লাস, সব্জি ধোয়ার জন্য ব্যবহৃত জালি, গামলা, বালতি, খাবার ঢাকার ঢাকনি, স্কুলের বাচ্চাদের ব্যবহৃত পানির বোতল; |
| ৪০.১৪ | ৪০১৪.১০.০০ | Sheath contraceptives (কনডম); |
| ৪৯.০১<br>৪৯.০২<br>৪৯.০৩ | সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পুস্তক, পুস্তিকা, সংবাদপত্র, পত্রিকা, সাময়িকী; |
| ৫৩.০৩ | ৫৩০৩.১০.২০ | পাট কাটিং; |
| ৬৪.০২ | ৬৪০২.২০.০০ | প্লাষ্টিক বা রাবারের চপ্পল; |
| ৭৩.১৭ | ৭৩১৭.০০.৯০ | তারকাটা; |
| ৭৩.২৩ | ৭৩২৩.৯১.০০<br>৭৩২৩.৯২.০০ | দেশে স্থাপিত ফাউণ্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত কড়াই, তাওয়া; |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্যসামগ্রীর বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৭৩.২৬ | ৭৩২৬.৯০.৯০ | দেশে স্থাপিত ফাউণ্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত ঝালের কাঠি; |
| ৭৬.১৫ | শিরনামার অধীন সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | এ্যালুমিনিয়াম ও এনামেলের তৈরী কিচেন বা অন্যান্য গৃহস্থালী তৈজসপত্র, সেনেটারীওয়ার এবং যন্ত্রাংশ; |
| ৮২.০১ | ৮২০১.১০.০০ | দেশে স্থাপিত ফাউণ্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত কোদাল এবং বেলচা; |
| ৮৪.১৩ | সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | দেশে স্থাপিত ফাউণ্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত সেচ পাম্প ও উহার যন্ত্রাংশ; |
| ৮৪.১৪ | ৮৪১৪.২০.০০<br>৮৪১৪.৯০.০০ | দেশে স্থাপিত ফাউণ্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত হস্তচালিত টিউবওয়েল ও উহার যন্ত্রাংশ; |
| ৮৪.২৩ | ৮৪২৩.৯০.০০ | দেশে স্থাপিত ফাউণ্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত বাটখারা; |
| ৮৪.২৪ | ৮৪২৪.৮১.১০ | কৃষি কাজে ব্যবহৃত হস্তচালিত স্প্রেয়ার; |
| ৮৪.৩৭ | ৮৪৩৭.৮০.০০ | দেশে স্থাপিত ফাউণ্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত হলার; |
| | ৮৪.৩৭.৯০.০০ | দেশে স্থাপিত ফাউণ্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত হলারের জালী, ব্লেড এবং বাটম; |
| ৮৪.৬৯ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | বাংলা, বাংলা-ইংরেজী দোভাষিক টাইপ রাইটার (উৎপাদন স্তরে); |
| ৯০.১৯ | ৯০১৯.২০.১০ | Oxygen therapy and artificial respiration apparatus including heart/lung resuscitation units; |
| ৯০.২১ | ৯০২১.৫০.০০ | Pacemaker for stimulating heart muscles; |
| ৯০.২১ | ৯০২১.৯০.০০ | Heart Valve; |
| ৯৪.০৫ | ৯৪০৫.৫০.১০ | হারিকেন বাতি; |
| ৯৬.০৮ | ৯৬০৮.১০.০০ | বলপয়েন্ট পেন; |
| ৯৬.০৯ | ৯৬০৯.১০.০০ | কাঠপেন্সিল; |

টেবিল-২

| শিরনামা সংখ্যা (Heading No.) | সেবার কোড | পণ্যসামগ্রীর বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| S০০১ | S০০১.১০<br>S০০১.২০ | হোটেল ও রেস্তোরা এবং ডেকোরেটরস ও ক্যাটারার্স :— |
| S০০২ | S০০২.০০ | (ক) মেট্রোপলিটন এলাকা ও জেলা শহরের বাইরে অবস্থিত সকল হোটেল ও রেস্তোরা এবং ডেকোরেটরস ও ক্যাটারার্স;<br>(খ) মেট্রোপলিটন এলাকা ও জেলা শহরের টিনের ঘরে চালু সকল অস্থায়ী হোটেল বা রেস্তোরা ; |
| S০০৬ | S০০৬.০০ | হিমাগার ; |
| S০০৮ | S০০৮.১০ | ছাপাখানা :—<br>(ক) পুস্তক, সাময়িকী ও ছাত্র-ছাত্রীদের শিক্ষামূলক দ্রব্যাদি মুদ্রণের চার্জের উপর ; |
| | S০০৮.২০ | বাঁধাই সংস্থা :—<br>সকল প্রকার বাঁধাইয়ের চার্জের উপর ; |
| S০২১ | S০২১.০০ | প্লান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা সম্পূর্ণ চার্জের উপর ; |
| S০২২ | S০২২.০০ | মিষ্টান্ন ভাণ্ডার :—<br>(ক) মেট্রোপলিটন এলাকা ও জেলা শহরের বাইরে অবস্থিত সকল মিষ্টান্ন ভাণ্ডার ; এবং<br>(খ) মেট্রোপলিটন এলাকা ও জেলা শহরের টিনের ঘরে চালু সকল অস্থায়ী মিষ্টান্ন ভাণ্ডার ; |
| S০২৪ | S০২৪.০০ | মূল্য সংযোজন কর আইনের S০০১—S০০২৩ ব্যতীত অন্যান্য সেবার ক্ষেত্রে যদি অর্থের বিনিময়ে সেবা প্রদান করা হয় তবে কোন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক অন্যের কাঁচামাল বা উপকরণ ব্যবহার করিয়া করযোগ্য পণ্য প্রস্তুত, উৎপাদন বা প্রক্রিয়াজাত করা হইলে সেই সেবা কার্যক্রম উপরি-উক্ত অব্যাহতির আওতায় পড়িবে না। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ আকবর আলি খান
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(মূল্য সংযোজন কর)

আদেশ

ঢাকা, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাং/১০ই জুন, ১৯৯৩ ইং

এস, আর, ও নং ১০৯-আইন/৯৩/৭১-মূসক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অর্থ বিভাগ কর্তৃক এই বিষয়ে ইতিপূর্বে জারীকৃত প্রজ্ঞাপন রহিত করিয়া, যে সকল করযোগ্য পণ্যের প্রস্তুতকারক বা উৎপাদক বা করযোগ্য সেবা প্রদানকারী ব্যক্তির বার্ষিক টার্ণওভার সাত লক্ষ পঞ্চাশ হাজার টাকার নিম্নে সে সকল ব্যক্তিকে উক্ত আইনের ধারা ১৫ এর অধীনে নিবন্ধিত হওয়ার বাধ্যবাধকতা হইতে অব্যাহতি প্রদান করিলেন।

২। এই আদেশ ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাং মোতাবেক ১০ই জুন, ১৯৯৩ ইং তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
ডঃ আকবর আলি খান
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(সম্পূরক শুল্ক)

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাং/১০ই জুন, ১৯৯৩ ইং

এস, আর, ও নং ১১০-আইন/৯৩/৭২-মূসক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নে বিধৃত টেবিলে বর্ণিত Customs Act, 1969 (IV of 1969) এর FIRST SCHEDULE এর শিরনামা সংখ্যার বিপরীতে উল্লিখিত পণ্যকে আমদানি পর্যায়ে সমুদয় সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিলেন, যথাঃ—

টেবিল

| শিরনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | [redacted] | পণ্য |
|---|---|---|---|
| ৮৫·২৭ | প্রযোজ্য (H.S.Code) | | টু-ইন-ওয়ান (সম্পূর্ণ তৈরী অবস্থায় কেবলমাত্র অপর্যটক ব্যাগেজ (আমদানি) বিধিমালা ১৯৯৩ এর আওতায় যাত্রী পিছু একটি মাত্র টু-ইন-ওয়ান আমদানির ক্ষেত্রে প্রযোজ্য। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ আকবর আলি খান
সচিব।

বদিউর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।